

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ



# গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, এপ্রিল ৭, ২০১৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়  
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ  
বিআরটি সংস্থাপন অধিশাখা  
সংশোধিত প্রজ্ঞাপন

তারিখ: ২৮ মার্চ ২০১৬/১৪ চৈত্র ১৪২২

নং ৩৫.০২০.০২২.০০.০০৬.২০০৭(অংশ-২)-১২১—তদানীন্তন পরিবহন অধিশাখা-১, সড়ক ও রেলপথ বিভাগ, যোগাযোগ মন্ত্রণালয় কর্তৃক ১১ জুন, ২০০৯ খ্রিঃ তারিখে জারীকৃত এবং ২২ জুন, ২০০৯ খ্রিঃ তারিখে বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশিত প্রজ্ঞাপন মোতাবেক সংশোধিত “সিএনজি/পেট্রোল চালিত ৪-স্ট্রোক থ্রি-হিলার সার্ভিস নীতিমালা, ২০০৭,” অতঃপর উক্ত নীতিমালা বলে অভিহিত, এর সংশোধন:—

উক্ত নীতিমালার অনুচ্ছেদ ‘ক’ এর উপানুচ্ছেদ-৩(ক) ও ৩(খ) নিম্নরূপভাবে সংশোধন করা হল:

- ৩(ক) গ্রাহকদের জন্য আরামদায়ক ও নির্ভরযোগ্য সার্ভিস নিশ্চিত করার লক্ষ্যে নির্ধারিত বা বর্ণিত ইকোনামিক লাইফ শেষে অন্যত্র বিক্রয় বা হস্তান্তরের পরিবর্তে সিএনজি/পেট্রোল চালিত ৪-স্ট্রোক থ্রি-হিলার ক্র্যাপ করে পূর্বতন মালিকের নামে প্রতিস্থাপন করা যাবে।
- (খ) গাড়ীর আয়ুক্তাল শেষ হওয়ার পূর্বে মারাত্মক সড়ক দুর্ঘটনায় ক্ষতিগ্রস্ত, প্রাকৃতিক দুর্ঘেস্থি, মূল যন্ত্রাংশের অভাব ও অপ্রত্যাশিত কারণে (Force majeure) ক্ষাপ/চলাচলের অযোগ্য হওয়ার ক্ষেত্রে সংশ্লিষ্ট গাড়ীর মালিক প্রতিস্থাপনের জন্য গাড়ীর প্রয়োজনীয় কাগজপত্রসহ বিআরটি বরাবর আবেদন করবেন।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

ড. মোঃ কামরুল আহসান  
উপসচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : [www.bgpress.gov.bd](http://www.bgpress.gov.bd)

(২৬৩৯)

মূল্য : টাকা ৮.০০